



**UNITED PEOPLE'S DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328

Mobile: 01552559763, Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৩ ফেব্রুয়ারী ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়ির মহাজনপাড়া ও মিলনপুরে সেটলার হামলার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সাধারণ সম্পাদক রবি শঙ্কর চাকমা চাকমা আজ এক বিবৃতিতে খাগড়াছড়ি শহরের মহাজন পাড়া ও মিলনপুরে সেটলার হামলা ও অগ্নিসংযোগের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

তিনি বলেন প্রশাসনের সহযোগিতায় শান্তিপূর্ণভাবে সড়ক অবরোধ চললেও সেটলাররা বিনা উস্কানিতে ইউপিডিএফ-এর উপর হামলা চালিয়েছে ও মহাজন পাড়াসহ পাহাড়ি ছাত্রাবাস “শান্তি নিকেতনে” আগুন ধরিয়ে দিয়েছে। এছাড়া তারা মিলনপুরেও পাহাড়িদের ঘরবাড়ি ও দোকানপাট ভাঙচুর করেছে। তবে সেখানে তারা জনতার প্রতিরোধের কারণে বাড়িঘরে অগ্নিসংযোগ করতে ব্যর্থ হয়।

রবি শঙ্কর চাকমা অবিলম্বে হামলাকারীদের গ্রেফতারের দাবি জানিয়ে বলেন, সাজেকের পাহাড়ি গ্রামে হামলাকারী সেনাসদস্য ও সেটলারদের বিরুদ্ধে কোন ধরনের ব্যবস্থা না নেয়ার কারণে তারা বার বার এ ধরনের বর্বর হামলা চালাতে সাহস পাচ্ছে। “অপরাধীদের গ্রেফতার না করা হামলায় উৎসাহ দেয়ার সামিল” বলে তিনি মন্তব্য করেন।

এছাড়া, বিএনপি ও জামায়াতে ইসলামীর কতিপয় তথাকথিত বুদ্ধিজীবী পত্র পত্রিকায় ও বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় বিভ্রান্তিমূলক ও পাহাড়ি বিদ্রোহী বক্তব্য দিয়ে সেটলারদের প্রকাশ্যে উস্কানি দিচ্ছে বলেও তিনি অভিযোগ করেন। তিনি এদের বিরুদ্ধে পদক্ষেপ নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

ইউপিডিএফ নেতা বলেন, সেনাবাহিনী ও সেটলারদের পার্বত্য চট্টগ্রাম থেকে প্রত্যাহার করা না পর্যন্ত সেখানে শান্তি ফিরে আসবে না।

তিনি অবিলম্বে সাজেক ও মহাজন পাড়ায় হামলাকারীদের গ্রেফতার ও শান্তি, ক্ষতিহস্তদের যথোপযুক্ত ক্ষতিপূরণ প্রদান ও ঘটনার নিরপেক্ষ বিচার বিভাগীয় তদন্তের দাবি জানান।

নিরন চাকমা

প্রেস সেকশান

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)